

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভা

প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৬ নভেম্বর ২০১৭ বিকাল ০২.৩০ টায় মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম। সভায় বিগত সভার সিদ্ধান্ত/ সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়। যশোর টিটিসি কর্তৃক উত্তীর্ণ ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম ময়মনসিংহ, পাবনা ও বিজি-টিটিসি-তে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে বলে সভায় জানানো হয়। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের শিক্ষাবৃত্তি কার্যক্রম ডিজিটালাইজেশন করণের এবং বোয়েসেলের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সফটওয়ার তৈরিকরণ কার্যক্রম চলমান আছে। এছাড়াও বিএমইটির সদর দপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রদেয় সেবা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ সোশ্যাল মিডিয়ায় প্রচার; বিএমইটি'র নিজস্ব আর্কাইফ সংরক্ষণ; আইডিয়া ম্যানেজমেন্ট ও ক্ষেত্র আপ; উত্তীর্ণ সহায়ক সক্ষমতা বৃদ্ধি; প্রবাসী কল্যাণ ব্যাংকের অভ্যন্তরীন প্রশিক্ষণে উত্তীর্ণ বিষয়ক সেশন অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তাদের উত্তীর্ণ বিষয়ক ধারণা ও সক্ষমতা বৃদ্ধি করা; শাখা পর্যায়ের কর্মকর্তাদের ইনোভেশন/গ্রাহক সেবা সহজীকরণ বিষয়ে আইডিয়া প্রদান ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য পুরক্ষার প্রদান এবং অনলাইন অভিযোগ ব্যবস্থাপনাসহ মোট দশটি বিষয়ের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় মন্ত্রণালয়ের এবং দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ইনোভেশন টিমের সভাপতি সভায় উপস্থাপিত বিষয়ের বাস্তবায়নে নির্দেশনা প্রদান এবং উপস্থিত স্বাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।